গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ইনোভেশন টিম

বিষয়ঃ ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী

সভাপতিঃ ড. নাহিদ রশীদ, অতিরিক্ত সচিব ও জাতিসংঘ অনুবিভাগ প্রধান
সভার তারিখ ও সময়ঃ ০৩/০৯/২০২০ তারিখ বেলা ১১.০০ টা
স্থানঃ ভার্চুয়াল জুম প্লাটফর্ম
উপস্থিতিঃ সংযোজনী-ক

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) ইনোভেশন টিমের সভা চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব ড. নাহিদ রশীদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। তিনি ইনোভেশন টিমের উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন।

ইনোভেশন টিমের সদস্য সচিব ও সিনিয়র প্রোগ্রামার জনাব মোঃ সাব্বির বিশ্বাস বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর উপর ভিত্তি করে প্রস্তুতকৃত খসড়া Action plan উপস্থাপন করেন।

তিনি উপস্থিত সবাইকে অবহিত করেন যে, উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এ বিভাগের কর্মকর্তাগণের নিকট হতে ৩১/০৮/২০২০ তারিখে উদ্ভাবনী ধারণা আহবান করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে মাত্র ০২ টি ধারণা জমা পড়ে। তিনি গত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিম্নরূপে বর্ণনা করেনঃ

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১।	ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার ভিত্তিতে Action Plan তৈরি করতে হবে।	Action Plan তৈরি করা হয়েছে।
২।	কোভিড-১৯ এর কারণে দেশের সার্বিক অবস্থার বিবেচনায় স্বাস্থ্যঝুকির কথা চিন্তা করে এ বিভাগের সচিব মহোদয়সহ সকল কর্মকর্তাদের বিভিন্ন সভা ভার্চুয়ালি আয়োজন করা হবে।	তিনটি জুম আইডি ক্রয় করা হয়েছে। এর মাধ্যমে ইআরডি'র সকল সভা ভার্চুয়ালি আয়োজন করা হচ্ছে।
৩।	ইনোভেশন কমিটি'র মিটিং ভার্চুয়ালি আয়োজন করা হবে।	ইনোভেশন কমিটি'র মিটিং ভার্চুয়ালি আয়োজন করা হচ্ছে।
৪।	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধিতে বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালা, সেমিনার ভার্চুয়ালি আয়োজন করা হবে।	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধিতে বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালা, সেমিনার ভার্চুয়ালি আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. উদ্ভাবনী ধারণা পুনরায় আহবান করতে হবে।
২. উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের এবং সেবা সহজীকরণ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ সেপ্টেম্বর ২০২০ মাসের মধ্যে আয়োজন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

০৩/৯/2020

ড. নাহিদ রশীদ
চিফ ইনোভেশন অফিসার ও
অতিরিক্ত সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

স্বারক নম্বরঃ ০৯.০০.০০০০.২৫২.১৬.০০২.২৫/

তারিখঃ ০৩ সেপ্টেম্বর ২০২০

বিতরণঃ (জেষ্ঠ্যতারভিত্তিতে নয়)

১) ইনোভেশন টিম, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
২) সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩) প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ প্রধানের ব্যক্তিগত কর্মকর্তা
৪) জাতিসংঘ অনুবিভাগ প্রধানের ব্যক্তিগত কর্মকর্তা
৫) অফিস কপি।